

# PEC পরীক্ষার্থীদের জন্য কৌশলগত নির্দেশনা-Math

সুপ্রিয় পরীক্ষার্থী,

সবাইকে জানাই শুভেচ্ছা ও অভিনন্দন।

তোমরা জীবনের ১ম সেন্টার পরীক্ষা দিচ্ছ। ইতোমধ্যে তোমরা ৫টা পরীক্ষা শেষ করেছ। বাকি আছে গণিত পরীক্ষা আর এ গণিত বিষয় নিয়ে সবার উদ্বিগ্নতা ও টেনশন বেশি থাকে। চিন্তা করার কোন কারণ নেই অন্য বিষয়ের মত এটিও একটি বিষয় সে কথা মাথায় রেখে প্রস্তুতি সম্পন্ন কর আর নিচে প্রদত্ত কৌশলসমূহ অবলম্বন করলে পরীক্ষায় ভাল করবে, ইনশা'আল্লাহ।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ২০১৮ সালের প্রশ্নকাঠামো ও নম্বর বিভাজন অনুসারে এবারের গণিত বিষয়ের মোট যোগ্যতাভিত্তিক প্রশ্ন থাকবে ১০টি যেগুলো নিম্নোক্ত উপায়ে উত্তর করা যাবে।

**১ নম্বর প্রশ্ন:** এখানে যোগ্যতাভিত্তিক সংক্ষিপ্ত প্রশ্ন থাকবে। এখানে ২০টি প্রশ্ন থাকবে মোট ২০ নম্বর। এই সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর সঠিকভাবে চর্চার জন্য তোমার পাঠ্যবইয়ের প্রতিটি অধ্যায়, উদাহরণ ও অনুশীলনীর ছোট ছোট অঙ্কগুলো বারবার অনুশীলনের মাধ্যমে আয়ত্ত করতে হবে।

প্রশ্নগুলো যদি হয় এমন :

(১) সংখ্যা প্রতীক কয়টি।

উঃ ১০টি

(২) ৪, ৭, ০, ৮ ও ৬ এর গড় কত? (রাফ করার জায়গায় হিসাব-নিকাশ করে তুমি খুব সহজেই এর উত্তর লিখে দিতে পারো)

উঃ ৫

(৩) কোন রম্বসের একটি কোণ ৬০ ডিগ্রি হলে অপর সন্নিহিত/সম্পূরক কোণটি কত ডিগ্রি ?

(রাফ করার জায়গায় হিসাব-নিকাশ করে তুমি খুব সহজেই এর উত্তর লিখে দিতে পারো)

উঃ ১২০ ডিগ্রি

(৪) ২০২০ সালের ফেব্রুয়ারি মাস কত দিনে হবে? (রাফ করার জায়গায় হিসাব-নিকাশ করে নিশ্চয় উত্তর পাবে)

উঃ ২৯ দিন

(৫) ক্ষেত্রফল ১৬৪৫ ব.মি ও প্রস্থ ৩৫ মি হলে দৈর্ঘ্য কত? (রাফ করার জায়গায় হিসাব-নিকাশ করে নিশ্চয় উত্তর পাবে)

উঃ ৪৭ মিটার

এভাবে ১ নম্বর প্রশ্নে তোমার জ্ঞান, অনুধাবন ও প্রয়োগদক্ষতা যাচাইয়ের জন্য থাকবে বহুনির্বাচনি প্রশ্ন থাকবে পাঠ্যবই থেকে। গণিত পাঠ্যবই সঠিক অনুশীলন থাকলে এই প্রশ্নের উত্তর দেওয়া তোমার জন্য খুবই সহজ হবে।

প্রশ্ন নম্বর ২ হতে ৭ এবং ৯, ১০ ও ১১ এর উত্তর প্রদানের ক্ষেত্রে উত্তরপত্রে সমাধান করে দেখাতে হবে। কোনো শিক্ষার্থী উল্লিখিত প্রশ্নগুলোর মধ্যে সমাধান না দেখিয়ে শুধু উত্তর লিখলে ঐ প্রশ্নের উত্তরে কোনো নম্বর পাবে না। এখানে ৮ নং এ ১ টি জ্যামিতি প্রশ্নসহ ৯ টি প্রশ্ন থাকবে, যার সবগুলোই যোগ্যতাভিত্তিক।

৮টি প্রশ্নের জন্য [(৮ x ৮)=৬৪] নম্বর (প্রশ্ন নং ২-৭ এবং ৯ ও ১১), ১০ নং এ সময় সম্পর্কিত প্রশ্ন থাকবে যার মান হবে ৪।

৯ টির প্রত্যেকটিতে অথবাসহ ২ টি করে প্রশ্ন থাকবে, যেকোন একটি প্রশ্নের উত্তর দিতে হবে ও জ্যামিতিতে ৩ টি

বিকল্প হতে ২টির উত্তর দিতে হবে যার মান হবে [(২ x ৬)=১২]।

# PEC পরীক্ষার্থীদের জন্য কৌশলগত নির্দেশনা-Math

**২ নম্বর প্রশ্ন :** চার প্রক্রিয়া-সম্পর্কিত সমস্যাবলি। অথবাসহ দুটি যোগ্যতাভিত্তিক প্রশ্নের একটির উত্তর দিতে হবে।  
এজন্য তোমাকে ১ম অধ্যায় থেকে ৩য় অধ্যায় পর্যন্ত উদাহরণসহ সমস্যাগুলোর সমাধান সঠিকভাবে অনুশীলন করতে হবে।

প্রাথমিক চার নিয়ম-সম্পর্কিত যোগ্যতাভিত্তিক প্রশ্ন যদি হয় এমন:

**প্রশ্ন:** জনাব রিয়াজ উদ্দীন সাহেব রাজশাহী হতে ৭ বুড়ি আম আনালেন। একটি বুড়িতে ১৫০টি আম আছে।  
উক্ত আম হতে তিনি তার বড় বোনকে ২৭৫ টি, ছোট বোনকে দিলেন ৩২৫ টি, কিছু আম পঁচা পড়ল এবং অবশিষ্ট আম নিজের জন্য রেখে দিলেন।

আমরা জানি,

$$১ ডজন = ১২ টি$$

সুতরাং তাদের দুই বোনকে আম দিলেন  $(৬০০ \div ১২)$  বা ৫০ ডজন

- ক) সর্বমোট কতটি আম ছিল? ২  
খ) তাঁর দুই বোনকে কত ডজন আম দিল? ৩  
গ) তাঁর কাছে ৯৯ হালি আম থাকলে কয়টি আম পঁচা ছিল? ৩

গ) আমরা জানি,

$$১ হালি = ৪ টি$$

$$\text{সুতরাং } ৯৯ \text{ হালি} = (৯৯ \times ৪) \text{ টি বা } ৩৯৬ \text{ টি}$$

সমাধান :

- ক) ১ টি বুড়িতে আম আছে ১৫০ টি  
৭ টি বুড়িতে আম ছিল  $(১৫০ \times ৭)$  টি বা ১০৫০ টি

‘ক’ হতে প্রাপ্ত

$$\text{তিনি মোট আম আনলেন } ১০৫০ \text{ টি}$$

$$\text{আম পঁচা ছিল } ৩৯৬ \text{ টি}$$

- খ) তাঁর দুই বোনকে আম দিলেন  $(২৭৫ + ৩২৫)$  টি বা ৬০০ টি

$$\text{তাঁর কাছে রাখলেন } = ৬৫৪ \text{ টি}$$

**৩ নম্বর প্রশ্ন:** এখানে পঞ্চম অধ্যায় হতে থাকবে ল.সা.গু. ও গ.সা.গু.-সম্পর্কিত ২টি যোগ্যতাভিত্তিক প্রশ্ন। ২টি থেকে যেকোনো ১টির উত্তর দিতে হবে। পাঠ্যবইয়ের উদাহরণ ও অনুশীলনীর অংকগুলো করলে উত্তর দেয়া সহজ হবে। কিছু মৌলিক বিষয় যেমন ক্ষুদ্রতম বা ছোট বললে লসাগু ও বৃহত্তম বা বড় বললে গসাগু, উৎপাদক, মৌলিক উৎপাদক, গুণনীয়ক, গুণিতক এদের অর্থ ইত্যাদি মনে রাখতে পারলে প্রশ্নে উত্তর দেয়া সহজ হবে।

**৪ নম্বর প্রশ্ন:** এখানে ৬ষ্ঠ অধ্যায়ের সাধারণ ভগ্নাংশ-সম্পর্কিত ২টি যোগ্যতাভিত্তিক প্রশ্ন থেকে যেকোনো ১টির উত্তর দিতে হবে। লব-হর সহ প্রকৃত, অপকৃত ও মিশ্র ভগ্নাংশ প্রভৃতি এবং ল.সা.গু ও গ.সা.গু সম্পর্কে সম্যক ধারণা থাকলে এ প্রশ্নের উত্তর দেয়া অনেকটা সহজ হবে।

**“পাঠ্যবইয়ের বিকল্প নেই, অনুশীলন ছাড়া উপায় নেই”**

# PEC পরীক্ষার্থীদের জন্য কৌশলগত নির্দেশনা-Math

**৫ নম্বর প্রশ্ন:** ৮ম অধ্যায়ের অনুশীলনী ৮-এর গড় থেকে থাকবে এই প্রশ্ন। এটিও যোগ্যতাভিত্তিক। গড়-সম্পর্কিত ২টি যোগ্যতাভিত্তিক প্রশ্ন থেকে সমাধান করতে হবে ১টি। গড় অধ্যায়ের উদাহরণসহ সম্পূর্ণ অনুশীলনী অনুশীলন করলে এবং চার প্রক্রিয়ার সুস্পষ্ট ধারণা থাকলে এই প্রশ্নের উত্তর দেওয়াও সহজ হবে।

**৬ নম্বর প্রশ্ন:** এই প্রশ্নে থাকবে দশমিক ভগ্নাংশ সমস্যা। এখানে যোগ্যতাভিত্তিক ২টি প্রশ্ন থাকবে। যেকোনো ১টির উত্তর দিতে হবে। দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ভাগ ও সাধারণ ভগ্নাংশ এবং পাঠ্যবইয়ের উদাহরণ ও অনুশীলনীর অংকগুলো করলে উত্তর দেয়া সহজ হবে।

**৭ নম্বর প্রশ্ন:** এই প্রশ্নে থাকবে শতকরা-সম্পর্কিত সমস্যা। এখানে যোগ্যতাভিত্তিক ২টি প্রশ্ন থাকবে। যেকোনো ১টির উত্তর দিতে হবে। চার প্রক্রিয়া, সাধারণ ও দশমিক ভগ্নাংশ এর কাজ জানা থাকলে এবং পাঠ্যবইয়ের উদাহরণ ও অনুশীলনীর অংকগুলো করলে উত্তর দেয়া সহজ হবে।

**৮ নম্বর প্রশ্ন:** প্রশ্নপত্রের কাঠামো অনুসারে জ্যামিতি অংশের ৩ টি প্রশ্ন থাকবে ২ টির উত্তর দিতে হবে। কাজ থাকবে নির্দেশনা অনুসারে চিত্র অঙ্কন ও এর ২টি বা ৩ টি বৈশিষ্ট্য লিখন। জ্যামিতির চিত্র অবশ্যই পেনসিল দিয়ে আঁকবে। বৈশিষ্ট্যের সঙ্গে চিত্রের যেন মিল থাকে, সেদিকে লক্ষ রাখবে।

**৯ নম্বর প্রশ্ন:** পরিমাপ সম্পর্কিত ২ টি যোগ্যতাভিত্তিক প্রশ্ন দেওয়া থাকবে। তোমাকে উত্তর দিতে হবে যেকোনো ১ টির। এখানেও পাঠ্যবইয়ের উদাহরণ ও অনুশীলনীর অংকগুলো করলে উত্তর দেয়া সহজ হবে।

**১০ নম্বর প্রশ্ন:** সময় সম্পর্কিত ২ টি যোগ্যতাভিত্তিক প্রশ্ন থাকবে, যেকোন একটির উত্তর করবে, যার মান হবে ৪।

**১১ নম্বর প্রশ্ন:** এখানে অধ্যায় ১৩ এর অনু :-১৩ থেকে উপাত্ত-সম্পর্কিত ২টি গতানুগতিক ধারার প্রশ্ন থাকবে। উত্তর দিতে হবে যেকোনো ১টি প্রশ্নের। এখানেও পাঠ্যবইয়ের উদাহরণ ও অনুশীলনীর অংকগুলো করলে উত্তর দেয়া সহজ হবে। এখানে সাধারণত প্রদত্ত উপাত্ত হতে শ্রেণিব্যবধান নিয়ে টালির সাহায্যে একটি সারণি তৈরি করা বা কোন সারণি হতে আয়ত লেখ অংকন করার (আয়তলেখ অবশ্যই পেনসিল দিয়ে আঁকবে) কাজ থাকতে পারে।

ধন্যবাদ সবাইকে, সবার পরীক্ষা ভাল হোক এ প্রত্যাশায় এখানেই শেষ করলাম।

**“পাঠ্যবইয়ের বিকল্প নেই, অনুশীলন ছাড়া উপায় নেই”**



**সোহেল পারভেজ (রানা)**

সহকারি শিক্ষক  
খোপাছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়  
চন্দনাইশ, চট্টগ্রাম।

মোবাইল : ০১৮১৬-০৮০৮৮৯

ই-মেইল : [shopar13.ctg@gmail.com](mailto:shopar13.ctg@gmail.com)



সোহেল পারভেজ (রানা), সহকারি শিক্ষক, খোপাছড়ি সপ্রাধি, চন্দনাইশ, চট্টগ্রাম মোবাইল:-০১৮১৬০৮৫৮৮৯

